

PRINT

# সমকাল

## হাসপাতালে চার ছাত্রীর জেএসসি পরীক্ষা

১১ ঘণ্টা আগে

### কেশবপুর (যশোর) প্রতিনিধি

যশোরের কেশবপুরে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে হাসপাতালের বেড়ে শুয়েই পরীক্ষা দিচ্ছে চার জেএসসি পরীক্ষার্থী। তবে তারা আশঙ্কামুক্ত বলে চিকিৎসকরা জানান।

জানা গেছে, চলতি জেএসসি পরীক্ষায় অংশ নিতে সোমবার উপজেলার মঙ্গলকোট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও পাঁচারই টিএস মাধ্যমিক বিদ্যালয়ের ছয় ছাত্রী মোটর ভ্যানে কেশবপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে আসছিল। পথিমধ্যে মঙ্গলকোট চারের মাথা নামক স্থানে পৌঁছেলে বিপরীত দিক থেকে আসা একটি শ্যালো ইঞ্জিনচালিত নসিমনের সঙ্গে সংঘর্ষে দুর্ঘটনার শিকার হয়। এতে ওই ছয় ছাত্রী আহত হলে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে কেশবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। তাদের মধ্যে গুরুতর আহত পাঁচারই গ্রামের আবু বক্কর মোল্যার মেয়ে শারমিন, বিদ্যানন্দকাটি গ্রামের কার্তিক সরদারের মেয়ে সুমনা সরদার, মঙ্গলকোট গ্রামের আব্দুর রাজ্জাকের মেয়ে আঞ্জুমান রিপা ও বসুন্িতয়া গ্রামের ইব্রাহিম দফাদারের মেয়ে নাফিজা খাতুন কেশবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বেড়ে থেকেই সামাজিক বিজ্ঞান বিষয়ে পরীক্ষায়

অংশগ্রহণ করে।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. শেখ আবু শাহীন জানান, উপজেলা নির্বাহী অফিসার চিকিৎসাধীন চারজনকে পরীক্ষায় অংশগ্রহণ করার সব ব্যবস্থা নিয়েছেন। তাদের পুরোপুরি সুস্থ হতে একটু সময় লাগবে। তবে তারা আশঙ্কামুক্ত।

কেশবপুর উপজেলা নির্বাহী অফিসার মিজানুর রহমান বলেন, পরীক্ষা দিতে আসার সময় ছয় ছাত্রী সড়ক দুর্ঘটনায় আহত হলে তাদের মধ্যে দু'জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে পরীক্ষার হলে পাঠানো হয়। গুরুতর আহত চারজনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বেড়ে বসে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com